বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ই-মেইল dgmsme@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৪) এসএমই-৭(৫)/২০২০-২০২১/ ২৯৮(১২০৫) তারিখঃ ১০.০৮.২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ **কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) এর করনীয় পুনর্নির্ধারণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট পত্র নং-সূত্রঃ এসএমইএসপিডি/ডব্লিউইডিইউ/৭০৪(১৩)/২০২০-২৩০৫, তারিখঃ ৩০/০৭/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের ২২/০৩/২০২০ তারিখের ই-মেইল এবং শিল্প মন্ত্রণালয়ের ০১ জুন, ২০২০ তারিখের স্মারক নম্বর:৩৬.০০.০০০০.০৬৭.৯৯.০২০.১৬(খন্ড-১)-১২২ এর প্রতি দৃষ্টি আকর্ষনপূর্বক জানানো হয় যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই খাতের ঋণ বিতরণ কার্যক্রম সমন্বিত ও সূচারুভাবে বাস্তবায়নে সহযোগিতার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদনক্রমে জেলা প্রশাসককে আহ্বায়ক করে গঠিত এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটিতে সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন জেলার বিসিক শিল্প সহায়ক কেন্দ্রের প্রধান নির্বাহী(উপমহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক/উপব্যবস্থাপক) কর্মকর্তা। উক্ত কমিটিতে অন্যান্য প্রতিষ্ঠানের প্রতিনিধিদের ন্যায় প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণে নিয়োজিত লিড ব্যাংকসহ অন্যান্য ব্যাংকের জেলা পর্যায়ের শীর্ষ কর্মকর্তা, প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি, এসএমই ফাউন্ডেশনের প্রতিনিধি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) এর প্রতিনিধি অন্তর্ভূক্ত করা হয়েছে। এছাড়া, জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির কার্যক্রমে সহায়তার নিমিত্তে কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) এর করনীয় পুনর্নির্ধারণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, উল্লেখিত পত্রের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১০/০৮/২০২০

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোহাম্মদ মঈনুল ইসলাম )
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৪) এসএমই-৭(৫)/২০২০-২০২১/ ২৯৮(১২০৫) তারিখঃ ১০.০৮.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে প্রাইভেট জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

10.08.2020

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক

D:\SME Department\Monir - PO\General Works.doc

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

মুজিব শতবর্ষ MUJIB 100

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
(নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট)

সূত্র নং: এসএমইএসপিডি/ডব্লিউইডিইউ/৭০৪(১৩)/২০২০-২৩০৫ তারিখ:৩০/০৭/২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

**কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) এর করণীয় পুনর্নির্ধারণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

অত্র কার্যালয়ের ২২/০৩/২০২০ তারিখের ই-মেইল এবং শিল্প মন্ত্রণালয়ের ০১ জুন, ২০২০ তারিখের স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০৬৭.৯৯.০২০.১৬(খন্ড-১)-১২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই খাতের ঋণ বিতরণ কার্যক্রম সমন্বিত ও সূচারুরূপে বাস্তবায়নে সহযোগিতার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদনক্রমে জেলা প্রশাসককে আহ্বায়ক করে গঠিত এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটিতে সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন জেলার বিসিক শিল্প সহায়ক কেন্দ্রের প্রধান নির্বাহী (উপমহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক/উপব্যবস্থাপক) কর্মকর্তা। উক্ত কমিটিতে অন্যান্য প্রতিষ্ঠানের প্রতিনিধিদের ন্যায় প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণে নিয়োজিত লিড ব্যাংকসহ অন্যান্য ব্যাংকের জেলা পর্যায়ের শীর্ষ কর্মকর্তা, প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি, এসএমই ফাউন্ডেশনের প্রতিনিধি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) এর প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

৩. জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির কার্যক্রমে সহায়তার নিমিত্ত কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) এর করণীয় পুনর্নির্ধারণ করা হয়েছে যা আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(রোজিনা আক্তার মুস্তাফী)
যুগ্ম-পরিচালক
আইপি ফোন-৫৫৬৬৫০০২-২১৩৮০
ই-মেইল-rojina.mustafi@bb.org.bd

সংযুক্তি- ১। লিড ব্যাংক ও বাংলাদেশ ব্যাংকের সংশোধিত নির্দেশনাবলী;
২। শিল্প মন্ত্রণালয়ের পত্রের কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বিএসটিআই ও বিএসইসি শাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.moind.gov.bd

নং- ৩৬.০০.০০০০.০৬৭.৯৯.০২০.১৬(খণ্ড-১)-১২২

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ / ০১ জুন, ২০২০

বিষয় : জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটি।

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই খাতের ঋণ বিতরণ কার্যক্রম সমন্বিত ও সুচারুরূপে বাস্তবায়নে সহযোগিতার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদনক্রমে জেলা প্রশাসকের নেতৃত্বে নিম্নোক্তভাবে প্রতিটি জেলায় একটি এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটি গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | : | আহবায়ক |
| (২) | প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণে নিয়োজিত লিড ব্যাংকসহ অন্যান্য ব্যাংকের জেলা পর্যায়ের শীর্ষ কর্মকর্তা | : | সদস্য |
| (৩) | বাংলাদেশ ব্যাংক এর প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | : | সদস্য |
| (৪) | এসএমই ফাউন্ডেশন এর প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | : | সদস্য |
| (৫) | সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | : | সদস্য |
| (৬) | জেলা সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) | : | সদস্য |
| (৭) | খাত ভিত্তিক শিল্প সংগঠনের জেলা সভাপতি (প্রযোজ্য ক্ষেত্রে) | : | সদস্য |
| (৮) | উইমেন চেম্বার/এ্যাসোসিয়েশন এর সভাপতি (প্রযোজ্য ক্ষেত্রে) | : | সদস্য |
| (৯) | জেলা প্রশাসক মনোনীত স্থানীয় গণ্যমাণ্য ব্যক্তি (একজন) | : | সদস্য |
| (১০) | জেলা প্রশাসক মনোনীত মাইক্রো ফাইনান্সিং প্রতিষ্ঠান/আর্থিক প্রতিষ্ঠানের জেলা প্রতিনিধি (একজন) | : | সদস্য |
| (১১) | উপমহাব্যবস্থাপক/ব্যবস্থাপক/উপব্যবস্থাপক, শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক | : | সদস্য-সচিব |

**কমিটির কার্য-পরিধি :**

(i) অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারি শিল্পের ক্ষতিগ্রস্থ উদ্যোক্তাগণ যেন স্বচ্ছতার সাথে ঝামেলাহীনভাবে ব্যাংক থেকে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ গ্রহণ করতে পারে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

(ii) প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ গ্রহীতা নির্বাচন, ঋণ বিতরণ, তদারকি ও আদায় সংক্রান্ত কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ এবং প্রাপ্ত সমস্যাসমূহ স্থানীয়ভাবে সমাধানের উদ্যোগ গ্রহণ;

(iii) অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষতিগ্রস্থ উদ্যোক্তাগণ COVID-19 পরবর্তী সময়ে যেন স্বাভাবিক ব্যবসায় ফিরে আসতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

(iv) সকল ক্যাটাগরির উদ্যোক্তাকে সুষমভাবে ঋণ সুবিধার আওতায় আনার স্বার্থে এবং ঋণের ডুপ্লিকেশন পরিহারপূর্বক অপচয় হ্রাস করতে কমিটি এসএমই খাতের অন্যান্য ঋণ বিতরণ কার্যক্রমও তদারকি ও সমন্বয় করবে; এবং

(v) ঋণ বিতরণ কার্যক্রম চলাকালীন কমিটি প্রতিমাসে ন্যূনতম একবার সভায় মিলিত হবে এবং সভার সিদ্ধান্তসমূহ ও ঋণ বিতরণ কার্যক্রমের মাসিক অগ্রগতি সচিব, শিল্প মন্ত্রণালয়-কে অবহিত করবে।

০১/০৬/২০২০
(মোঃ মাকসুদুর রহমান)
সহকারী সচিব
মোবাইল : ০১৯৭৪৮৫৮৮০৭

জেলা প্রশাসক (সকল)
জেলা প্রশাসকের কার্যালয়।

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

অপর পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য

Scanned with CamScanner

(পরিশিষ্ট- ক)

# বাংলাদেশ ব্যাংক

## প্রধান কার্যালয়

## (এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট)

### কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) সংক্রান্ত সংশোধিত নির্দেশনাবলী

কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) অর্থায়নের সাথে সম্পর্কিত বিভিন্ন নীতিমালা এবং কার্যক্রমের বাস্তবায়ন কেবল বড় শহর/নগর কেন্দ্রিক হওয়ায় প্রান্তিক জনগোষ্ঠীর নিকট সিএমএসএমই সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য পৌঁছে দিতে লিড ব্যাংক/সমন্বয়কারী ব্যাংক নির্বাচন করা হয়েছে। কোন বিশেষ উদ্দেশ্য বাস্তবায়নে লিড ব্যাংক সংশ্লিষ্ট অঞ্চলের ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসহ সকল স্টেক হোল্ডারদের একটি প্ল্যাটফরমে এনে নিবেদিতভাবে কাজ করে বিধায় কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলায়ও সমন্বিতভাবে কাজ করার ক্ষেত্রে লিড ব্যাংক পদ্ধতি কার্যকর ভূমিকা রাখতে সক্ষম।

সম্প্রতি, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্পের (সিএমএসএমই) ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণের প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ গ্রহণ বিষয়ে জেলা প্রশাসকের নেতৃত্বে এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটি গঠিত হওয়ায় কমিটির কার্যক্রমে সহায়তার নিমিত্ত কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) এর করণীয় এবং এতদ্‌সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের করণীয় পুনঃনির্ধারণ করা হয়েছে।

**১। কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) এর করণীয় ঃ**

**১.১ কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলায় সমন্বিত প্রচেষ্টার অংশ হিসেবে অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্পের (সিএমএসএমই) ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণ যেন স্বচ্ছতার সাথে ঝামেলাহীনভাবে ব্যাংকে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ গ্রহণ করতে পারে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটিকে লিড ব্যাংক সহায়তা প্রদান করবে ;**

**১.২ প্রণোদনা প্যাকেজের আওতায় ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধা প্রদানের লক্ষ্যে ঋণ গ্রহীতা নির্বাচন, ঋণ বিতরণ, তদারকি ও আদায় সংক্রান্ত কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ এবং প্রাপ্ত সমস্যাসমূহ স্থানীয়ভাবে সমাধানের বিষয়ে লিড ব্যাংক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;**

**১.৩ অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্পের (সিএমএসএমই) ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণ কোভিড-১৯ পরবর্তী সময়ে যেন স্বাভাবিক ব্যবসায় ফিরে আসতে পারে সে বিষয়ে সরকার কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হলে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের করণীয় কার্যক্রমে লিড ব্যাংক সহায়তা প্রদান করবে ;**

**১.৪ প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কার্যক্রম চলাকালীন জেলা ভিত্তিক এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির প্রতিমাসে অনুষ্ঠেয় সভা আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে এবং প্রয়োজনে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে এতদসংক্রান্ত তথ্য-উপাত্ত সরবরাহ করবে। লিড ব্যাংক সভার সিদ্ধান্তসমূহ ও ঋণ বিতরণ কার্যক্রমের মাসিক অগ্রগতি সংক্রান্ত তথ্য স্টেক হোল্ডারগণকে অবহিত করবে।**

**১.৫ বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসের সাথে পরামর্শক্রমে সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ করে নির্বাচিত সিএমএসএমই লিড ব্যাংকসমূহ পিছিয়ে থাকা অঞ্চলে (জেলা/উপজেলা পর্যায়ে) অনলাইন ভিত্তিক মতবিনিময় সভা/আলোচনা অনুষ্ঠান (জুম অ্যাপের মাধ্যমে ভার্চুয়াল সভা) আয়োজন করবে এবং বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসের মাধ্যমে প্রধান কার্যালয়কে অবহিত করবে;**

১.৬ মতবিনিময় সভা/সেমিনারের মাধ্যমে এসএমই লিড ব্যাংক সহযোগী অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সহযোগিতায় এসএমই অর্থায়নের ক্ষেত্রে আঞ্চলিক ও খাত ভিত্তিক অসামঞ্জস্যতা দূরীকরণসহ নতুন উদ্যোক্তা সৃষ্টি করার বার্তা শহর ও গ্রাম অঞ্চলের জনগোষ্ঠীর নিকট তুলে ধরবে;

১.৭ সিএমএসএমই লিড ব্যাংক সংশ্লিষ্ট অঞ্চলে অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে সহযোগী অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে যোগাযোগ স্থাপন, অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা প্রণয়ন এবং এতদ্‌সংক্রান্ত তথ্য বিনিময় করবে;

১.৮ সিএমএসএমই বিষয়ক বাংলাদেশ ব্যাংকের প্রদত্ত নির্দেশনার বিষয়ে লিড ব্যাংক আঞ্চলিক পর্যায়ে অনুষ্ঠেয় মতবিনিময় সভা/আলোচনা অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় ও শাখা অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, নারী উদ্যোক্তা সংগঠনসহ বিভিন্ন ব্যবসায়িক সংগঠন, সিএমএসএমই খাতের উদ্যোক্তা, নিকটস্থ কলেজ/বিশ্ববিদ্যালয়ের প্রধানসহ শিক্ষার্থী, সংশ্লিষ্ট অঞ্চলের প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠানের প্রধান এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রধান (প্রযোজ্য ক্ষেত্রে) এর উপস্থিতি নিশ্চিত করবে;

১.৯ মতবিনিময় সভা আয়োজনের ক্ষেত্রে যথাসম্ভব অনাড়ম্বরতা, স্বচ্ছতা, পারস্পরিক বোঝাপড়া এবং ব্যয় সংকোচন নীতি, ইত্যাদি বিষয়াদির প্রতি লক্ষ্য রেখে অনুষ্ঠান আয়োজনের প্রকৃত ব্যয়ভার প্রযোজ্য ক্ষেত্রে লিড ব্যাংকের তত্ত্বাবধানে অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমহারে বহন করবে।

চলমান পাতা-২

২। কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) এর কার্যক্রমে বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসমূহের করণীয় ঃ-

২.১ কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলায় সমন্বিত প্রচেষ্টার অংশ হিসেবে অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্পের (সিএমএসএমই) ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণের প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ গ্রহণ বিষয়ে প্রত্যেক জেলায় জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির কার্যক্রমে সহায়তার নিমিত্ত অঞ্চলভিত্তিক সভায় (জুম অ্যাপের মাধ্যমে ভার্চুয়াল সভা) বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের/বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

২.২ কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) এর কার্যক্রম মনিটরিং এর জন্য বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখা অফিসসমূহের মনোনীত ফোকাল কর্মকর্তাগণের নাম ও যোগাযোগের ঠিকানা (নির্বাচিত লিড ব্যাংকসহ) জেলা প্রশাসক, বিসিক, সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান প্রধান এবং বাংলাদেশ ব্যাংকের সকল শাখা অফিসসমূহকে অবহিত করবে;

২.৩ এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির সভায় উপস্থিতি নিশ্চিতকরণসহ এতদসংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসমূহ এসএমই ডিপার্টমেন্টের একজন উপযুক্ত কর্মকর্তাকে ফোকালপার্সন হিসেবে চিহ্নিত করে দায়িত্ব অর্পণ করবে;

২.৪ ফোকালপার্সন বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের কোভিড-১৯ সংক্রান্ত প্রণোদনা কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি সংগ্রহপূর্বক শাখার উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জেলা কমিটির সভাসমূহে উপস্থাপন বিষয়ক কার্যক্রম সম্পাদন করবে;

২.৫ জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বিষয়াদি ফোকাল পার্সন শাখা প্রধানের অবগতির জন্য উপস্থাপন এবং আলোচিত সিদ্ধান্তের উপর করণীয় সম্পর্কে শাখা অফিসের প্রস্তাবসহ প্রধান কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে;

২.৬ কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলায় সমন্বিত প্রচেষ্টার অংশ হিসেবে বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসমূহ কর্তৃক সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার কার্যালয়, ব্যবসায়িক সংগঠন, নারী উদ্যোক্তা সংগঠনের সাথে যোগাযোগ ত্বরান্বিতকরণ এবং আগ্রহী সিএমএসএমই উদ্যোক্তাসহ ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের ঋণ আবেদন (যদি থাকে) বিবেচনার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে লিড ব্যাংকসমূহকে উদ্বুদ্ধ করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

২.৭ বছরব্যাপী (জানুয়ারি-ডিসেম্বর)-এ অনুষ্ঠিত মতবিনিময় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন 'অগ্রগতি মূল্যায়ন সভা' সংশ্লিষ্ট অঞ্চলের বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসমূহে বছর শেষে অনুষ্ঠিত হবে এবং এতদ্‌সংক্রান্ত কার্যক্রমের মূল্যায়ন প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসমূহ প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। 'অগ্রগতি মূল্যায়ন সভায়' স্থানীয় লিড ব্যাংকের আওতাধীন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অংশগ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট লিড ব্যাংক বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসকে সার্বিক সহযোগিতা প্রদান করবে।

৩. লিড ব্যাংক (সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান) এর কার্যক্রমে বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের করণীয় ঃ

৩.১ বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্‌ ডিপার্টমেন্ট প্রতি বছরের শুরুতেই জেলা ভিত্তিক সিএমএসএমই লিড ব্যাংক নির্বাচনপূর্বক বাংলাদেশ ব্যাংকের সকল শাখা অফিস এবং সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে অবহিত করবে। প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্‌ ডিপার্টমেন্ট সিএমএসএমই বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি পরিচালনার লক্ষ্যে সময় ও অঞ্চল চিহ্নিতকরণপূর্বক প্রস্তুতকৃত সূচি সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে সরবরাহ করবে;

৩.২ সিএমএসএমই লিড ব্যাংক নির্বাচন প্রক্রিয়ায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অঞ্চলভিত্তিক কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই)-এ অর্থায়ন সংক্রান্ত কার্যক্রম এবং দেশ ব্যাপী শাখা নেটওয়ার্ক বিবেচনায় রাখা হবে;

৩.৩ সিএমএসএমই লিড ব্যাংকের মাধ্যমে আঞ্চলিক পর্যায়ে (জেলা/উপজেলা) সিএমএসএমই বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসমূহের এসএমই ডিপার্টমেন্ট সম্পৃক্ত থাকবে এবং আঞ্চলিক পর্যায়ে (জেলা/উপজেলা) পরিচালিত সচেতনতামূলক কর্মসূচি তদারকি এবং এর কার্যক্রম বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়কে অবহিত করবে;

৩.৪ বাংলাদেশ ব্যাংক শাখা অফিসসমূহ সংশ্লিষ্ট অঞ্চলের লিড ব্যাংক এর সহযোগিতায় সিএমএসএমই খাতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ আঞ্চলিক পর্যায়ে 'সেরা ব্যাংক শাখা নির্বাচন' এবং সিএমএসএমই উদ্যোক্তাদের উৎসাহ প্রদানে 'এপ্রিশিয়েশন লেটার প্রদান' সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করবে। উদ্যোক্তাদের ব্যাংকিং কার্যক্রমে উদ্বুদ্ধ করতে অনুষ্ঠানে প্রকাশ্যে ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনার বিষয়টিও বিবেচনায় রাখতে পারে;

৩.৫ বছরব্যাপী (জানুয়ারি-ডিসেম্বর)-এ অনুষ্ঠিত মতবিনিময় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন 'অগ্রগতি মূল্যায়ন সভা' এর মূল্যায়ন প্রতিবেদনের ভিত্তিতে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ।

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
(এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট)

কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) লিড ব্যাংক
(সমন্বয়কারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান)

১। ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার (বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | নারায়ণগঞ্জ | | | আইএফআইসি ব্যাংক লিঃ | বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা |
| ২ | গাজীপুর | | ইউনাইটেড কর্মাশিয়াল ব্যাংক লিঃ | | |
| ৩ | নরসিংদী | প্রিমিয়ার ব্যাংক লিঃ | | | |
| ৪ | ফরিদপুর | | এনসিসি ব্যাংক লিঃ | | |
| ৫ | মানিকগঞ্জ | দি সিটি ব্যাংক লিঃ | | | |
| ৬ | মুন্সিগঞ্জ | | আইএফ আই সি ব্যাংক লিঃ | | |
| ৭ | রাজবাড়ী | | | সাউথ ইষ্ট ব্যাংক লিঃ | |
| ৮ | মাদারীপুর | | | পূবালী ব্যাংক লিঃ | |
| ৯ | ঢাকা | এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বি বি | | | |

২। ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার (বাংলাদেশ ব্যাংক চট্টগ্রাম অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | কুমিল্লা | এবি ব্যাংক লিঃ | | | বাংলাদেশ ব্যাংক চট্টগ্রম অফিস |
| ২ | ব্রাহ্মণবাড়িয়া | | প্রিমিয়ার ব্যাংক লিঃ | | |
| ৩ | নোয়াখালী | | | উত্তরা ব্যাংক লিঃ | |
| ৪ | রাঙ্গামাটি | | মার্কেন্টাইল ব্যাংক লিঃ | | |
| ৫ | খাগড়াছড়ি | | | জনতা ব্যাংক লিঃ | |
| ৬ | বান্দরবন | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | | | |
| ৭ | চাঁদপুর | | | মার্কেন্টাইল ব্যাংক লিঃ | |
| ৮ | ফেনী | বাংলাদেশ কৃষি ব্যাংক | | | |
| ৯ | কক্সবাজার | | ঢাকা ব্যাংক লিঃ | | |
| ১০ | লক্ষীপুর | | শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ | | |
| ১১ | চট্টগ্রাম | | | সোনালী ব্যাংক লিঃ | |

৩। ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার (বাংলাদেশ ব্যাংক খুলনা অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | গোপালগঞ্জ | যমুনা ব্যাংক লিঃ | | | বাংলাদেশ ব্যাংক খুলনা অফিস |
| ২ | যশোর | | ডাচ বাংলা ব্যাংক লিঃ | | |
| ৩ | ঝিনাইদহ | | | ন্যাশনাল ব্যাংক লিঃ | |
| ৪ | মাগুরা | প্রাইম ব্যাংক লিঃ | | | |
| ৫ | সাতক্ষীরা | | ওয়ান ব্যাংক লিঃ | | |
| ৬ | বাগেরহাট | | | আল আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ | |
| ৭ | নড়াইল | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ | | | |
| ৮ | খুলনা | | | অগ্রণী ব্যাংক লিঃ | |

৪। ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার (বাংলাদেশ ব্যাংক রাজশাহী অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | কুষ্টিয়া | এনসিসি ব্যাংক লিঃ | | | বাংলাদেশ ব্যাংক রাজশাহী অফিস |
| ২ | মেহেরপুর | | উত্তরা ব্যাংক লিঃ | | |
| ৩ | পাবনা | | | সোসাল ইসলামী ব্যাংক লিঃ | |
| ৪ | চাঁপাইনবাবগঞ্জ | | | এক্সিম ব্যাংক লিঃ | |
| ৫ | চুয়াডাঙ্গা | | স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ | | |
| ৬ | নাটোর | আইডিএলসি ফাঃ লিঃ | | | |
| ৭ | রাজশাহী | | অগ্রণী ব্যাংক লিঃ | | |

৫। ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার (বাংলাদেশ ব্যাংক বগুড়া অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | নওগাঁ | | | মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ | বাংলাদেশ ব্যাংক বগুড়া অফিস |
| ২ | জয়পুরহাট | | মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ | | |
| ৩ | সিরাজগঞ্জ | | সোসাল ইসলামী ব্যাংক লিঃ | | |
| ৪ | গাইবান্দা | পূবালী ব্যাংক লিঃ | | | |
| ৫ | বগুড়া | | | অগ্রণী ব্যাংক লিঃ | |

৬। ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার (বাংলাদেশ ব্যাংক সিলেট অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | সুনামগঞ্জ | | | প্রাইম ব্যাংক লিঃ | |
| ২ | মৌলভীবাজার | ইস্টার্ন ব্যাংক লিঃ | | | বাংলাদেশ ব্যাংক সিলেট অফিস |
| ৩ | হবিগঞ্জ | | আইডিএলসি ফাঃ লিঃ | | |
| ৪ | সিলেট | | সোনালী ব্যাংক লিঃ | | |

৭। ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার (বাংলাদেশ ব্যাংক বরিশাল অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | পটুয়াখালী | | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ | | |
| ২ | পিরোজপুর | ব্র্যাক ব্যাংক লিঃ | | | |
| ৩ | বরগুনা | রূপালী ব্যাংক লিঃ | | | |
| ৪ | ঝালকাঠি | | | সোনালী ব্যাংক লিঃ | বাংলাদেশ ব্যাংক বরিশাল অফিস |
| ৫ | ভোলা | | অগ্রণী ব্যাংক লিঃ | | |
| ৬ | শরীয়তপুর | | | অগ্রণী ব্যাংক লিঃ | |
| ৭ | বরিশাল | | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | | |

৮। ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার (বাংলাদেশ ব্যাংক রংপুর অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা/ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | নীলফামারী | | | ঢাকা ব্যাংক লিঃ | |
| ২ | পঞ্চগড় | | রূপালী ব্যাংক লিঃ | | |
| ৩ | কুড়িগ্রাম | সোনালী ব্যাংক লিঃ ঃ | | | |
| ৪ | দিনাজপুর | | এক্সিম ব্যাংক লিঃ | | বাংলাদেশ ব্যাংক রংপুর অফিস |
| ৫ | লালমনিরহাট | | সোনালী ব্যাংক লিঃ | | |
| ৬ | ঠাকুরগাও | জনতা ব্যাংক লিঃ | | | |
| ৭ | রংপুর | | | অগ্রণী ব্যাংক লিঃ | |

৯। ২০২০ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার (বাংলাদেশ ব্যাংক ময়মনসিংহ অফিসের আওতাধীন জেলাসমূহ)

| ক্রমিক | জেলা | জানুয়ারি-এপ্রিল ২০২০ | মে-আগস্ট ২০২০ | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২০ | বাংলাদেশ ব্যাংক প্র.কা./ শাখা অফিস |
|---|---|---|---|---|---|
| ১ | টাঙ্গাইল | | | সাউথ ইষ্ট ব্যাংক লিঃ | |
| ২ | কিশোরগঞ্জ | অগ্রণী ব্যাংক লিঃ | | | |
| ৩ | জামালপুর | | ন্যাশনাল ব্যাংক লিঃ | | |
| ৪ | শেরপুর | | | ব্র্যাক ব্যাংক লিঃ | বাংলাদেশ ব্যাংক ময়মনসিংহ অফিস |
| ৫ | ময়মনসিংহ | সোনালী ব্যাংক লিঃ | | | |
| ৬ | নেত্রকোনা | | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | | |